এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
৩/এ নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napdaa.org
E-mail: info@napdaa.org

বিষয়	: এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর কার্যনির্বাহী কমিটি'র (২০২০-২০২২) ১১তম সভার কার্যবিবরণী।
তারিখ	: ০৪ ফেব্রুয়ারি ২০২৫ (মঙ্গলবার)
সময়	: বিকাল ০২:০০ ঘটিকা।
সভার স্থান	: এনএপিডি'র বোর্ড রুম।
সভাপতি	: জনাব সুকেশ কুমার সরকার, মহাপরিচালক (সরকারের সচিব), এনএপিডি ও সভাপতি, এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন।

সভার উপস্থিতি:

ক্র. নং	নাম, পদবি ও কর্মস্থলের ঠিকানা	অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর পদবি	ক্র. নং	নাম, পদবি ও কর্মস্থলের ঠিকানা	অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর পদবি
১.	জনাব মোঃ আব্দুল মোতালেব সরকার অতিরিক্ত মহাপরিচালক, এনএপিডি	সহ-সভাপতি	৭.	জনাব সিরাজ-উদ-দৌলা চৌধুরী পরিচালক, বারডেম হাসপাতাল, ঢাকা	কোষাধ্যক্ষ
২	ড. প্রকৌ. মোঃ আব্দুর রশীদ পরিচালক (প্রশাসন ও অর্থ), এনএপিডি	সহ-সভাপতি	৮	জনাব মোঃ রমজান আলী প্রশিক্ষক, এনএপিডি	সাংগঠনিক সম্পাদক
৩	ড. মোঃ হাসান তারিক পরিচালক (প্রশিক্ষণ), এনএপিডি	সহ-সভাপতি	৯	শেখ মজিবুল হক প্রোগ্রামার, ব্র্যাক	মানব সম্পদ উন্নয়ন সম্পাদক
৪	ডাঃ মোঃ ওয়াহিদুল ইসলাম প্রিন্স সহকারী অধ্যাপক, ওরাল এন্ড মেক্সলোফিসিয়াল সার্জারী বিভাগ, DMC	সহ-সভাপতি	১০	জনাব মোহাম্মদ জিয়াউর রহমান সহযোগী প্রশিক্ষক	দপ্তর সম্পাদক
৫	জনাব মোঃ আতাউল হক	মহাসচিব	১১	প্রকৌ: মোঃ মাকসুদুর রহমান	সমাজ কল্যাণ সম্পাদক
৬.	ডাঃ মোঃ সাখাওয়াত হোসাইন মিঠু মেডিসিন ও বক্ষব্যাধি বিশেষজ্ঞ, NIDCH	যুগ্ম-মহাসচিব			

২.০০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে মহাসচিব এজেন্ডা ভিত্তিক আলোচনা উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
২.০১	গত সভার কার্যবিবরণী অনুমোদন	গত ১৭ জুলাই, ২০২১ তারিখের সভার কার্যবিবরণী উপর কোন আপত্তি পাওয়া যায়নি।	গত ১৭/০৭/২০২১ তারিখের সভার কার্যবিবরণী দৃঢ় করা হল।
২.০২	মেম্বারশীপ ফি বৃদ্ধিকরণ	মহাসচিব সভায় অবহিত করেন যে, শুরুর দিকে এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশনে ২টি ক্যাটাগরির মেম্বারশীপের সংস্থান ছিল। জেনারেল সদস্য ও জীবন সদস্য। জেনারেল সদস্য ফি ২০০.০০ এবং জীবন সদস্য ১০০০.০০ টাকা ছিল। পরবর্তীতে জেনারেল সদস্য বাদ দেওয়া হয় এবং জীবন সদস্য বহাল রাখা হয়।	জীবন সদস্য (Life Member) ফি ১০০০.০০ টাকা বহাল রাখা যায়।

CamScanner

ক্র. নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
২.০৩	অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্য বৃদ্ধিকরণ	সভায় অবহিত করা হয় যে, বর্তমানে সদস্য সংগ্রহ কমে গেছে। কারণ নতুন কোন কোর্সের শুরুতে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যক্রম সম্পর্কে প্রশিক্ষণার্থীদের অবহিত করা হচ্ছে না। ফলে, প্রশিক্ষণার্থীরা অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্য হতে আগ্রহ প্রকাশ করেন না। কোর্সের শেষে অ্যালামনাই কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়। তখন প্রশিক্ষণার্থীগণ চলে যাওয়ার জন্য তাড়াহুড়া করেন। ফলে অ্যালামনাই সদস্য হতে আগ্রহ প্রকাশ করেন না।	এনএপিডিতে বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স শুরুর দিন কোর্স ব্রিফিং-এ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যক্রম বুলেট আকারে প্রদর্শন করা হবে। উক্ত দিবসে নির্বাহী কমিটির ১/২ জন সদস্য উপস্থিত থেকে অ্যালামনাই অ্যাসোসিয়েশন সম্পর্কে প্রশিক্ষণার্থীগণকে অবহিত করবেন। কোর্স পরিচালক ও কোর্স সমন্বয়ক কোর্স শুরুর প্রথম দিনেই প্রশিক্ষণার্থীগণের মধ্যে অ্যালামনাই অ্যাসোসিয়েশরেন সদস্যভুক্তি ফরম বিতরণের মাধ্যমে প্রশিক্ষণার্থীগণকে সদস্য হওয়ার জন্য অনুপ্রাণিত করবেন।
২.০৪	অ্যালামনাই লগো সম্বলিত কোর্ট পিন/ ব্রুজ তৈরি	সভায় অবহিত করা হয় যে, এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর অংশীজনদের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যক্রম সম্পর্কে অবহিত করার মাধ্যমে অ্যাসোসিয়েশনের কার্যক্রম সম্প্রসারণ করা যেতে পারে। এ লক্ষ্যে এনএপিডিতে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে যোগদানকৃত নতুন প্রশিক্ষণার্থীদের মধ্যে অ্যাসোসিয়েশন পক্ষ থেকে অ্যালামনাই লগো সম্বলিত কোর্ট পিন বিতরণ করা যেতে পারে।	এনএপিডিতে নতুন বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে যোগদানকারী প্রশিক্ষণার্থীদের এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন পক্ষ থেকে অ্যালামনাই লগো সম্বলিত কোর্ট পিন দেওয়া হবে।
২.০৫	এজিএম ও রি-ইউনিয়ন আয়োজন	মহাসচিব সভায় অবহিত করেন যে, এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বর্তমান কার্যনির্বাহী কমিটিরি (২০২০-২০২২) মেয়াদ শেষ হয়ে গেছে। নতুন কমিটি গঠন করার লক্ষ্যে বার্ষিক সাধারণ সভা (এজিএম) আয়োজন করা প্রয়োজন। পাশাপাশি অ্যাসোসিয়েশনের নিয়মিত কার্যক্রম হিসেবে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের জীবন সদস্যদের নিয়ে একটি পূর্ণমিলনী উৎসব আয়োজন করা যেতে পারে।	আগামী ২৬ এপ্রিল, ২০২৫ বিকাল ৩:০০ ঘটিকায় নতুন কমিটি গঠনের লক্ষ্যে এজিএম ও রি-ইউনিয়ন আয়োজন করা যেতে পারে। এজিএম ও রি-ইউনিয়ন আয়োজনের লক্ষ্যে নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে একটি প্রস্তুতি কমিটি গঠন করা হলো: ১. জনাব মোঃ আব্দুল মোতালেব সরকার অতিরিক্ত মহাপরিচালক, এনএপিডি- আহবায়ক ২. ড. প্রকৌ. মোঃ আব্দুর রশীদ পরিচালক (প্রশাসন ও অর্থ), এনএপিডি-সদস্য ৩. ডাঃ মোঃ ওয়াহিদুল ইসলাম প্রিন্স সহকারী অধ্যাপক, ওরাল এন্ড মেক্সলোফিসিয়াল সার্জারী বিভাগ, DMC-সদস্য ৪. ডাঃ মোঃ সাখাওয়াত হোসাইন মিঠু মেডিসিন ও বক্ষব্যাধি বিশেষজ্ঞ, NIDCH-সদস্য ৫. জনাব মোঃ রমজান আলী প্রশিক্ষক, এনএপিডি-সদস্য ৬. জনাব সিরাজ-উদ-দৌলা চৌধুরী পরিচালক, বারডেম হাসপাতাল- সদস্য ৭. প্রকৌ: মোঃ মাকসুদুর রহমান- সদস্য ৮. জনাব মোহাম্মদ জিয়াউর রহমান সহযোগী প্রশিক্ষক- সদস্য ৯. ডাঃ বন্দে আলী মিয়া-সদস্য ১০. জনাব মোঃ আতাউল হক- সদস্য সচিব

ক্র. নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
২.০৬	সদস্যদের তালিকা অ্যালামনাই ওয়েব সাইটে প্রকাশ	সভায় অবহিত করা হয় যে, এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নতুন কমিটি গঠনের লক্ষ্যে এজিএম ও রি-ইউনিয়নের জন্য ভোটার তালিকা/ জীবন সদস্যদের তালিকা হালনাগাদ করতে হবে। বর্তমানে সদস্য সংখ্যা ১৯০০ জন। তালিকা হালনাগাদ করার লক্ষ্যে বর্তমান তালিকা অ্যালামনাই-এর ওয়েবসাইট (www.napdaa.org)-এ দেওয়া যেতে পারে।	(ক) এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের জীবন সদস্য (Life Member)'গণের তালিকা হালনাগাদ করে ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। (খ) একাডেমির কোন কর্মকর্তাকে ওয়েবসাইট নিয়মিত আপডেট এর দায়িত্ব দেওয়া যেতে পারে।
২.০৭	অ্যালামনাই অ্যাসোসিয়েশনের টাকা FDR করণ	মহাসচিব সভায় অবহিত করেন যে, আল-আরাফা ইসলামী ব্যাংক ৪ (চার) লক্ষ টাকা ও আইএফআইসি ব্যাংকে ২ (দুই) লক্ষ টাকাসহ মোট ৬ (ছয়) লক্ষ টাকার এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের এফডিআর করা আছে। তাছাড়া সঞ্চয়ী এ্যাকাউন্টে বর্তমান স্থিতি প্রায় ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা। তিনি সঞ্চয়ী এ্যাকাউন্টে গচ্ছিত টাকা স্থায়ী আমানত হিসেবে গচ্ছিত রাখা যায় কি না তা বিবেচনার প্রস্তাব করেন।	গঠিতব্য নতুন কার্যনির্বাহী কমিটি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।
২.০৮	পদাধীকার সদস্যগণের নিয়মিত সদস্য হওয়া প্রসঙ্গে।	মহাসচিব সভায় প্রস্তাব করেন যে, একাডেমিতে প্রেষণে নিয়োগকৃত সরকারি কর্মকর্তাগণ বর্তমানে পদাধিকারবলে অ্যাসোসিয়েশনের বিভিন্ন পদে অধিষ্ঠিত আছেন। পদাধিকারবলে অধিষ্ঠিত সদস্যগণ অ্যাসোসিয়শনের জীবন সদস্য হলে, পদাধিকারবলে অধিষ্ঠিত সদস্যগণ অন্যত্র বদলী হওয়ার পরেও তাদের সঙ্গে অ্যাসোসিয়েশনের সম্পর্ক সুদৃঢ় থাকবে।	একাডেমিতে প্রেষণে নিয়োগকৃত এবং অ্যাসোসিয়েশনের পদাধিকারবলে অধিষ্ঠিত সদস্যগণ নির্ধারিত ফি পরিশোধ করে অ্যাসোসিয়েশনের জীবন সদস্য হতে পারবেন।

৩.০০ পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সুকেশ কুমার সরকার)
মহাপরিচালক (সরকারের সচিব)
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
ও
সভাপতি
এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন

CS CamScanner